

# সুন্দরগঞ্জে ২৬৮ স্কুলে নেই শহীদ মিনার

## প্রতিনিধি, সুন্দরগঞ্জ (গাইবান্ধা)

১৯৫২ সালে ভাষা আন্দোলনে যারা শহীদ হয়েছেন, তাদের স্মৃতিস্তম্ভ হিসেবে নির্মাণ করা হয় শহীদ মিনার। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় আজও শহীদ মিনার নির্মাণের ক্ষেত্রে সরকারিভাবে কোনো বরাদ্দ বা পদক্ষেপ নেয়া হয়নি দেশের সব জায়গায়।

সেই ধারাবাহিকতায় গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার প্রাথমিক, মাধ্যমিক, কারিগরি ও উচ্চ মাধ্যমিক স্তরের ৪১৮ প্রতিষ্ঠানের মধ্যে ২৬৮ প্রতিষ্ঠানে নেই নিজস্ব ও স্থায়ী শহীদ মিনার।

উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়,

প্রাথমিকে ২৫৯টি সরকারি প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ৯০টি প্রতিষ্ঠানে শহীদ মিনার রয়েছে। বাকি ১৬৯টি প্রতিষ্ঠানে শহীদ মিনার নেই। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ১৫৯টি প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক প্রতিষ্ঠান ৮৮টি, মাদ্রাসা ৪৯টি, কলেজ ১৬টি, ও কারিগরি ৬টি। সবমিলে শহীদ মিনার রয়েছে মাত্র ৫০টিতে।

মাদ্রাসা সুপার রফিকুল ইসলাম বলেন, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলো অত্যন্ত অবহেলিত। বিশেষ করে ধর্মীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর অবস্থা শোচনীয়।

অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে সরকারিভাবে নেই কোনো

উদ্যোগ। প্রতিষ্ঠান এবং ব্যক্তি উদ্যোগে কোনো কিছু নির্মাণ করা অত্যন্ত কষ্টকর। স্বদিচ্ছা থাকা সত্ত্বেও অর্থ, পরিকল্পনা, নজরদারি, কর্তৃপক্ষের উদাসিনতার জন্য কোনো কিছু করা সম্ভব হচ্ছে না। তবে সরকারি নির্দেশনা মোতাবেক সব জাতীয় দিবসে যথাযথভাবে পালন করা হয়।

উপজেলা শিক্ষা অফিসার নূর মোহাম্মদ বলেন, ২৫৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ইতোমধ্যে ৯০টি প্রতিষ্ঠানে স্থায়ীভাবে শহীদ মিনার নির্মাণ করা হয়েছে। আশা করা হচ্ছে অল্প সময়ের মধ্যে সবগুলো শিক্ষাপ্রতিষ্ঠানে শহীদ মিনার নির্মাণ করা হবে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা

অফিসার মো. জাহিদুল ইসলাম বলেন, স্বদিচ্ছার অভাবে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান সমূহে শহীদ মিনার নেই। তবে শহীদ মিনার না থাকলেও দিবস সমূহ পালন করে থাকেন প্রতিষ্ঠান সমূহ। ইতিহাস ও ঐতিহ্য ধরে রাখার জন্য স্থানীয় প্রশাসন ও সরকারি ভাবে প্রতিষ্ঠান সমূহে শহীদ মিনার নির্মাণ করা একান্ত প্রয়োজন।

উপজেলা নিবাহী অফিসার মো. নাজির হোসেন বলেন, বিষয়টি ওইভাবে কখনো ভাবা হয়নি। আসলেই ভাষা ও স্বাধীনতার ইতিহাস ঐতিহ্য ধরে রাখার জন্য প্রতিটি প্রতিষ্ঠানে শহীদ মিনার থাকা আবশ্যিক। আশু এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।